তারিখ ... ১১।৪।৭৪ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

দৈনিক বাংলা

045

# জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের লক্ষ্য সম্পর্কে কাজী জাফর

জাতীয় স্বার্থে সরকার বর্তমানের শিক্ষা ব্যবস্থা পালটে উৎপাদনমুখী ও গণমুখী যে শিক্ষা ব্যবস্থা চালু করার প্রয়াস নিয়েছেন তারই লক্ষ্যে আগামী ১৬ই আগস্ট রাষ্ট্রপতি জিয়াউর রহমান জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের সভা উদ্বোধন করবেন। দেশে প্রচলিত যে দু'ধরনের শিক্ষা ব্যবস্থা বর্তমানে চলছে তা পরিহার করে বিত্তবান ও বিত্তহীন উভয় শ্রেণীর জন্য একই ধরণ ও বৈশিষ্ট্যের শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করাই উক্ত জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের মুখ্য উদ্দেশ্য ও বিবেচ্য বিষয় হবে।

শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ গতকাল সন্ধ্যায় শিবপুরে সাটিরপাড়া হাইস্কুল ময়দানে এক ছাত্র জনসভায় ভাষণ দানকালে উপরোক্ত তথ্য প্রকাশ করেন। তিনি বলেন মধ্যবিত্ত এবং গ্রামের সাধারণ মানুষের সাথে শহরের বিত্তবান শ্রেণী সমূহের মধ্যে শিক্ষা গ্রহণের ক্ষেত্রে যে বৈষম্য ও ব্যবধান চলছে তার অবসান না হলে একদিকে যেমন জাতীয় ক্ষেত্রে ভিন্ন মানসিকতার সৃষ্টি হবে অন্যদিকে তেমনি জাতীয় ঐক্য বিঘ্নিত হবে। সমৃদ্ধ দেশের মূল উপাদান শিক্ষিত জনগণ। অথচ অশিক্ষার কারণে আমাদের জনগণের বৃহত্তম অংশ দেশের সমৃদ্ধিতে ও উন্নয়নে অনুকূল ভূমিকা পালনে সমর্থ হচ্ছে না। অপর দিকে বর্তমানের উদ্দেশ্যবিহীন শিক্ষা ব্যবস্থার কারণে শিক্ষিত শ্রেণীর একটি বড় অংশ উদ্যমহীন হয়ে পড়ছেন। লক্ষ করা গেছে যে ত্রুটিপূর্ণ শিক্ষা ব্যবস্থা শুধু বৈষম্যের সৃষ্টি করেনি জাতির মনোবলও ক্ষুন্ন করে চলেছে।

কাজী জাফর আহমদ বলেন দেশের শিল্প ও কৃষি ক্ষেত্রসহ উন্নয়নের সর্বস্তরে পারদর্শী ও যোগ্য কর্মী পেতে হলে দেশের শিক্ষা প্রতিষ্ঠান থেকে উন্নয়নে ও উৎপাদনে নিয়োজিত হতে পারে এমন কর্মী তৈরি করতে হবে। শিক্ষা ব্যবস্থার যে মৌলিক পরিবর্তনের লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছেন তাকে সফল করতে চাইলে সামাজিক ব্যবস্থার পরিবর্তন করতে হবে এবং জনগণের অর্থনৈতিক বৈষম্য কমিয়ে আনতে হবে। আমাদের মনে রাখতে

(৩-এর পৃঃ দ্রঃ)

হবে দেশের শক্তি ও সমৃদ্ধির ভিত্তি শিক্ষিত জনগণ। শিক্ষা জনগণের দেশপ্রেম, শিক্ষা জনগণের মনোবল এবং শিক্ষা জনগণকে সত্য সন্ধানে ও কর্মপ্রেরণায় উদ্বুদ্ধ করে।

উক্ত সভার সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ শামসুদ্দিন। খবর তথ্য বিবরণীর।